# ফেসবুকে আপত্তিকর কনটেন্ট নিয়ন্ত্রণে নতুন আইন হচ্ছে: তথ্যমন্ত্রী



তথ্যমন্ত্রী আন্দালিব রহমান পার্থ। ছবি: সংগৃহীত

ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে গালাগালি, মানহানিকর বক্তব্য ও আপত্তিকর কনটেন্ট নিয়ন্ত্রণে নতুন আইন তৈরির কাজ চলছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ। তবে এ আইন মতপ্রকাশ ও সংবাদমাধ্যমের স্বাধীনতা সীমিত করার কাজে ব্যবহার করা হবে না বলে জানান তিনি।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী, আইনমন্ত্রী, তথ্যমন্ত্রী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী-২ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রীসহ গণমাধ্যম প্রতিনিধিদের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

তথ্যমন্ত্রী বলেন, গত ১৭ বছরে ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টসহ বিভিন্ন আইন সংবাদমাধ্যম ও সংবাদপত্রের ওপর চাপ তৈরিতে ব্যবহারের ঘটনা দেখা গেছে। তাই নতুন আইনের কোনো শব্দ বা ধারা যেন ভবিষ্যতে অপব্যবহারের সুযোগ তৈরি না করে, সে বিষয়ে সতর্ক থাকা হচ্ছে।

তিনি জানান, আইনটি এখনো খসড়া তৈরি ও সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা পর্যায়ে রয়েছে। সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মতামত নিয়ে খসড়া চূড়ান্ত করার চেষ্টা চলছে, যাতে এর মাধ্যমে কারও কণ্ঠরোধের সুযোগ না থাকে।

আন্দালিভ রহমান পার্থ বলেন, শুধু আইন করলেই সমস্যার সমাধান হবে না, অনলাইন আচরণ নিয়েও সামাজিক সচেতনতা বাড়াতে হবে। কোনো মানহানিকর বক্তব্য বা তথ্য যাচাই না করে পুনরায় প্রচার করাও মানহানির পর্যায়ে পড়তে পারে। এ বিষয়ে জনগণকে সচেতন করতে একটি কর্মসূচি নেওয়া হবে বলেও জানান তিনি।